



মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন
মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর
'ফিজিক্যাল ট্রেনিং ইন্সট্রাক্টর'
(১০ম গ্রেড) পদের লিখিত পরীক্ষার
তারিখ ও সময়সূচি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নথি নম্বর: ৮০.০০.০০০০.১০৮.১১.০৪২.১৯ (অংশ-৩)-১০২

তারিখ: ২২ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
০৭ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর 'ফিজিক্যাল ট্রেনিং ইন্সট্রাক্টর' (১০ম গ্রেড) এর শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর 'ফিজিক্যাল ট্রেনিং ইন্সট্রাক্টর' (১০ম গ্রেড) এর শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের ৪ ঘন্টা ব্যাপী ২০০ নম্বরের {বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণজ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়-৮০} লিখিত পরীক্ষা নিয়ে বর্ণিত কেন্দ্রে উল্লিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:


পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থী সংখ্যা
ফিজিক্যাল ট্রেনিং ইন্সট্রাক্টর (১০ম গ্রেড) (বিজ্ঞপ্তির তারিখ: ০৪.০৬.২০২০ নম্বর-৩৪)	২৩.০৩.২০২২ (বুধবার) দুপুর-১২:০০ মিনিট থেকে বিকাল ৪:০০ মিনিট পর্যন্ত	৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭	০০০০০২ হতে ৭০০০১৮	২৯ জন

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী:

- 'ফিজিক্যাল ট্রেনিং ইন্সট্রাক্টর' পদের প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। অনলাইনে আবেদনকারী প্রার্থীগণ স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd অথবা টেলিটক বাংলাদেশ লিঃ এর (http://bpsc.teletalk.com.bd) ওয়েব সাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২(দুই) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
- প্রার্থীদের বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে উত্তরপত্রে ফ্লুইড ব্যবহার করলে তার প্রার্থিতা বাতিল হবে।
- বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়াদির ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করা হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। উত্তরপত্রে বিষয় কোড ভুল লিখলে বা পূরণ করলে বা এক বিষয়ের উত্তরপত্রে অন্য বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- পরীক্ষার্থীকে কালো কালির বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে বইপুস্তক, ব্যাগ, মানিব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ব্যাংক কার্ড বা ক্রেডিট কার্ড, ক্রেডিট কার্ড সদৃশ বস্তু, অলংকারাদি বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং তাকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সাইনট্রনিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।
- হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
- পরীক্ষা কেন্দ্রে কোনো প্রকার অসামুখ পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে-কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।

AR

৯. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১০. প্রার্থীদের সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে এবং প্রার্থীদেরকে অবশ্যই মাস্ক পরিহিত অবস্থায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোনো প্রার্থীকে মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।
১১. এই বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইট এবং কমিশনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।


[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্মসচিব]